

প্রজেক্ট: আমার উপকরণ: আমার গর্ব

স্লোগান: “নিজ হাতে গড়া মোর উপকরণই সেরা”



এই স্লোগান ও প্রত্যয় বাস্তবায়নে করোনাকালীন উপজেলা শিক্ষা অফিস, মাধবপুর, হবিগঞ্জ এর একটি যুগোপযোগী পদক্ষেপ হলো শিক্ষকদেরকে নিজ হাতে উপকরণ তৈরি করতে উদ্বুদ্ধ করা।

কার্যক্রম: প্রতি সপ্তাহে সম্মানিত শিক্ষক কমপক্ষে ০৩টি করে বিষয়ভিত্তিক উপকরণ তৈরি করবেন। সেই ধারাবাহিকতায় প্রত্যেক শিক্ষক নিজে হাতে পাঠ সংশ্লিষ্ট উপকরণ তৈরি করছেন। ইতোমধ্যে কেউ কেউ ১০০+ উপকরণও তৈরি করে ফেলেছেন। যা শিক্ষকদের আন্তরিকতারই বহিঃপ্রকাশ। আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি।

★ **আউটপুট / উদ্দেশ্য:** ১. শিক্ষকগণ উপকরণ তৈরি করার সময় ভালো করে ওনার পাঠদানকৃত বিষয়ের পাঠ পড়তে হবে, বুঝতে হবে। এতে করে শিক্ষকের বিষয়জ্ঞান আরো ঝালাই হবে। শিক্ষক নিজে আরো বিষয়জ্ঞান সমৃদ্ধ হবেন।

২. পাঠ সংশ্লিষ্ট উপকরণ তৈরি করলে শিক্ষকের পাঠ উপস্থাপনের কৌশলে কিভাবে উপকরণ প্রদর্শন করবেন - তা সম্পর্কে ভাববেন। এতে করে পাঠের পূর্ব প্রস্তুতিও হয়ে যাবে।

৩. নিজে হাতে উপকরণ তৈরি করলে পাঠ উপস্থাপনের জন্য একটি টাইমফ্রেম থাকবে। যা একটি কার্যকরী পাঠের জন্য আবশ্যিক।

৪. সর্বোপরি শিক্ষার্থীরা আনন্দের সাথে শিখতে পারবে। শিখনফল অর্জন সহজতর হবে। শিখনও টেকসই হবে। শিক্ষককে পাঠ উপস্থাপনে কম কষ্ট করতে হবে। কঠোর উপর অতিরিক্ত চাপ কমবে।

৫. আর একবার উপকরণ তৈরি করতে পারলে কয়েক বছর নিশ্চিতে ব্যবহার করতে পারবেন। তবে উপকরণগুলোকে যত্ন করতে হবে।

প্রভাব:

শিখন-শেখান কার্যক্রম আনন্দদায়ক ও ফলপ্রসূ হয়েছে। বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি বেড়েছে। প্রতিটি বিদ্যালয়ে উপকরণ ব্যাংক স্থাপন হয়েছে।